

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
প্রাথমিক শিক্ষা অধিদপ্তর
তদন্ত ও শৃঙ্খলা শাখা
মিরপুর-২, ঢাকা- ১২১৬
www.dpe.gov.bd

স্মারক নং- ৩৮.০১.০০০০.৩০০.২৭.৩৬৪.২০২২.০৩৯

তারিখঃ ০৬ বৈশাখ ১৪৩০।
১৬ এপ্রিল ২০২৩।

প্রজ্ঞাপন

যেহেতু, জনাব শেখ মিরাজুল আশারেকীন, সহকারী উপজেলা শিক্ষা অফিসার, দিরাই, সুনামগঞ্জ (প্রাক্তন সহকারী উপজেলা শিক্ষা অফিসার, কয়রা, খুলনা)-এর বিরুদ্ধে সরকারি কর্মচারী (শৃঙ্খলা ও আপীল) বিধিমালা, ২০১৮ এর বিধি ৩(খ) ও ৩(ঘ) মোতাবেক অসদাচরণ ও দুর্নীতির অভিযোগে ০৭/১১/২০২২ তারিখে বিভাগীয় মামলা নং- এইউও/বিমা-৪১/২২/৩২৩ রুজু পূর্বক অভিযোগনামা ও অভিযোগ বিবরণী প্রেরণ করে জবাব প্রদানের জন্য নির্দেশ প্রদান করা হয়; এবং

যেহেতু, তিনি লিখিত জবাব দাখিল করেন এবং ব্যক্তিগত শুনানীতে অংশ গ্রহণ করেন; এবং

যেহেতু, তদন্তে অভিযুক্ত কর্মকর্তার বিরুদ্ধে আনীত অসদাচরণ ও দুর্নীতির অভিযোগ প্রমাণিত হওয়ায় তাকে সরকারি কর্মচারী (শৃঙ্খলা ও আপীল) বিধিমালা, ২০১৮ এর ৪(২)(খ) অনুযায়ী লঘুদণ্ড প্রদানের প্রাথমিক সিদ্ধান্ত গৃহীত হয়; এবং

যেহেতু, তাঁর লিখিত জবাব, ব্যক্তিগত শুনানীতে প্রদত্ত বক্তব্য এবং সংশ্লিষ্ট রেকর্ডপত্রাদি পর্যালোচনায় তার বিরুদ্ধে আনীত অসদাচরণ ও দুর্নীতির অভিযোগ সন্দেহাতীতভাবে প্রমাণিত হওয়ায় সার্বিক বিবেচনায় তাকে লঘুদণ্ড প্রদান করা সমীচীন হবে মর্মে প্রতীয়মান হয়।

সেহেতু, জনাব শেখ মিরাজুল আশারেকীন, সহকারী উপজেলা শিক্ষা অফিসার, দিরাই, সুনামগঞ্জ (প্রাক্তন কয়রা, খুলনা)-এর বিরুদ্ধে আনীত অভিযোগ সন্দেহাতীতভাবে প্রমাণিত হওয়ায় সরকারি কর্মচারী (শৃঙ্খলা ও আপীল) বিধিমালা, ২০১৮ এর বিধিমালা ৪ (২)(খ) উপবিধি মোতাবেক ০১টি বার্ষিক বেতন বৃদ্ধি ০২ (দুই) বছর অর্থাৎ আগামী ২০২৩ সালের জুলাই হতে ২৫ সালের জুন পর্যন্ত জন্য স্থগিত রাখা হলো। স্থগিতকৃত বর্ধিত বেতন পরবর্তীতে তিনি বকেয়া হিসেবে প্রাপ্য হবেন না।

২। জনাব শেখ মিরাজুল আশারেকীন, সহকারী উপজেলা শিক্ষা অফিসার, কয়রা, খুলনা (প্রাক্তন সহকারী উপজেলা শিক্ষা অফিসার, কালীগঞ্জ, সাতক্ষীরা)-কে প্রাথমিক ও গণশিক্ষা মন্ত্রণালয়ের স্মারক নং-৬১৮, তাং-১৮/০৩/২০২০ মোতাবেক জারীকৃত প্রজ্ঞাপনে উল্লিখিত শাস্তির {০১টি বার্ষিক বেতন বৃদ্ধি ০২ (দুই) বছরের জন্য স্থগিত} আদেশ ও এতদসঙ্গে বহাল থাকবে।

৩। এ আদেশ অবিলম্বে কার্যকর হবে।

শাহ রেজওয়ান হায়াত
মহাপরিচালক

টেলিফোন: ০২৫৫০৭৪৭৭৭

ই-মেইল: dgprimarybd@gmail.com

স্মারক নং- ৩৮.০১.০০০০.৩০০.২৭.৩৬৪.২০২২.০৩৯/০২

তারিখঃ ০৬ বৈশাখ ১৪৩০।
১৬ এপ্রিল ২০২৩।

অনুলিপি সদয় অবগতি ও প্রয়োজনীয় কার্যার্থে প্রেরিত হলোঃ

১. সচিব, প্রাথমিক ও গণশিক্ষা মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
২. প্রধান হিসাব রক্ষণ কর্মকর্তা, প্রাথমিক ও গণশিক্ষা মন্ত্রণালয়, ৩য় ফেজ, সেগুনবাগিচা, ঢাকা।
৩. পরিচালক (প্রশাসন), প্রাথমিক শিক্ষা অধিদপ্তর, ঢাকা।
৪. উপ-নিয়ন্ত্রক, বাংলাদেশ ফরম ও প্রকাশনা অফিস, তেজগাঁও, ঢাকা (প্রজ্ঞাপনটি বাংলাদেশ গেজেটের পরবর্তী সংখ্যায় প্রকাশের জন্য অনুরোধ করা হলো)।
৫. উপপরিচালক (তঃ ও শৃঃ/প্রশাসন), প্রাথমিক শিক্ষা অধিদপ্তর, ঢাকা।
৬. উপপরিচালক, প্রাথমিক শিক্ষা, খুলনা বিভাগ, খুলনা/সিলেট বিভাগ, সিলেট।
৭. জনাব শেখ সাইদুর রহমান, মেইনটেন্যান্স ইঞ্জিনিয়ার (আইএমডি), প্রাথমিক শিক্ষা অধিদপ্তর, ঢাকা (প্রজ্ঞাপনটি অধিদপ্তরের ওয়েব সাইটে প্রকাশ করার জন্য অনুরোধ করা হলো)।
৮. জেলা প্রাথমিক শিক্ষা অফিসার, সাতক্ষীরা/খুলনা/সুনামগঞ্জ।
৯. উপজেলা হিসাব রক্ষণ অফিসার, দিরাই, সুনামগঞ্জ।
১০. জনাব শেখ মিরাজুল আশারেকীন, সহকারী উপজেলা শিক্ষা অফিসার, দিরাই, সুনামগঞ্জ (প্রাক্তন সহকারী উপজেলা শিক্ষা অফিসার, কয়রা, খুলনা)।
১১. ব্যক্তিগত সহকারী, মহাপরিচালক, প্রাথমিক শিক্ষা অধিদপ্তর, ঢাকা (মহাপরিচালক মহোদয়ের সদয় অবগতির জন্য)।
১২. সংরক্ষণ নথি।

ড. নাছিমা বেগম
উপপরিচালক (ত. ও শৃ.)

ফোন: ৫৫০৭৪৯৩৫

Email: Inquirycelldpe@gmail.com